বাংলাদেশ কারাতে ফেডারেশন
BANGLADESH KARATE FEDERATION
Room # 236-237, Moulana Bhashani Hockey Stadium, Dhaka-1000, Ph: 02-223380244
www.bkf.gov.bd, e-mail: bkf.dhaka.bd@gmail.com, bkfdhaka@yahoo.com

পত্র নং : বাকাফে-০৭/২৯তম জাতীয় কারাতে প্রতি:-২০২৪/১৬১ তারিখ : ৩০/০১/২০২৪ খ্রি:

বরাবর

-------------------------

-------------------------

------------------------ ।

বিষয় : **২৯তম জাতীয় কারাতে প্রতিযোগিতা ২০২৪ অংশগ্রহণ প্রসঙ্গে।**

জনাব,

আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, আগামী ০৯-১০ মার্চ ২০২৪ তারিখ শহীদ সোহরাওয়ার্দী ইনডোর ষ্টেডিয়াম, মিরপুর, ঢাকায় বাংলাদেশ কারাতে ফেডারেশনের উদ্যোগে ২৯তম জাতীয় কারাতে প্রতিযোগিতা ২০২৪ অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য আপনাকে সাদর আমন্ত্রণ জানানো হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী ও এন্টি ফরম-ক এদতসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত,

30/01/2024

(ক্য শৈ হ্লা)
সাধারণ সম্পাদক
বাংলাদেশ কারাতে ফেডারেশন

# বাংলাদেশ কারাতে ফেডারেশন

কক্ষ নং ২৩৬-২৩৭, মওলানা ভাসানী হকি স্টেডিয়াম, ঢাকা-১০০০

## ২৯তম জাতীয় কারাতে প্রতিযোগিতা ২০২৪

### নিয়মাবলী

| | |
|---|---|
| প্রতিযোগিতার নাম | **২৯তম জাতীয় কারাতে প্রতিযোগিতা ২০২৪।** |
| বিভাগ | সিনিয়র (কুমিতে ১৮ বছর বা তদুর্ধ্ব এবং কাতা ১৬ বছর বা তদুর্ধ্ব)। |
| প্রতিযোগিতার তারিখ | ০৯-১০ মার্চ ২০২৪। |
| স্থান | মিরপুর শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়াম, ঢাকা। |
| অংশগ্রহণের সম্মতিপত্র | ফরম 'ক' ও অংশগ্রহণকারী দলের ফরওয়ার্ডিং পত্র ১৫ ফেব্রুয়ারি ২০২৪, বিকাল ৫:০০ টা ফেডারেশন কার্যালয়ে সরাসরি অথবা ই-মেইল/ডাকযোগে প্রেরণ করতে হবে। |
| টিম এন্ট্রি | ১৬ ফেব্রুয়ারি ২০২৪ সকাল ০৯:০০ টা থেকে ২৯ ফেব্রুয়ারি ২০২৪ বিকাল ৫:০০টার মধ্যে অনলাইনে ফেডারেশনের ওয়েবসাইটে পূরণ করতে হবে। এন্ট্রি ফরম পূরণ করার জন্য সকল খেলোয়াড়কে www.bkf.gov.bd অনলাইনে ১৫০/- টাকা পরিশোধ করে রেজিস্ট্রেশন করতে হবে। সঠিকভাবে রেজিস্ট্রেশন সম্পন্ন হলে পরবর্তী কার্যক্রম সম্পন্ন করার জন্য একটি ইউজার আইডি প্রদান করা হবে। অনলাইনে ফরম পূরণ পদ্ধতি শ্রীঘ্রই ওয়েব সাইটে প্রকাশ করা হবে। ওয়েবসাইট মাধ্যমে এন্ট্রি প্রদানের ব্যপারে যেকোন সহযোগিতা প্রয়োজন হলে নিম্নলিখিত নাম্বার সমূহে যোগাযোগ করার পরামর্শ দেওয়া যাচ্ছেঃ<br>১) আসহাব উদ্দিন:০১৮৪০০৮৮১৮৯, (৩) এ কে আজাদ:০১৭১৬০৫০৮৮৮ (৪) তুলু উশ শামস:০১৮১৯৬৪৮৪৫৬ |
| প্রতিযোগিতার ওজন সমূহ | পুরুষ : -৪৫, -৫০, -৫৫, -৬০, -৬৭, -৭৫, -৮৪, +৮৪ কেজি,একক কাতা. দলগত কাতা ও দলগত কুমিতে।<br>মহিলা : -৪০, -৪৫, -৫০, -৫৫, -৬১, -৬৮, +৬৮ কেজি, একক কাতা, দলগত কাতা ও দলগত কুমিতে। |
| ওজন নেয়ার স্থান ও সময় | খেলা শুরু হওয়ার পূর্বে প্রতিযোগিতার স্থানে ০৮/০৩/২০২৪ তারিখ সকাল ১০:০০টা হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত। সকল ওজন শ্রেণিতে ০১ (এক) জন ও দলগত কাতায় ০৪ (চার) জন (৩ জন খেলতে পারবে) এবং মহিলা দলগত কুমিতে ৪ জন (৩ জন খেলতে পারবে) ও পুরুষ দলগত কুমিতে ৭ জন (৫জন খেলতে পারবে) খেলোয়াড় অংশগ্রহণ করতে পারবে। কোন ইভেন্টে ৪টি দলের খেলোয়াড় অংশগ্রহণ না করলে, উক্ত ইভেন্ট বাতিল বলে গন্য হবে । |
| দলের কর্মকর্তা | প্রতিটি দলের একজন ম্যানেজার ও তিনজন প্রশিক্ষক থাকতে পারবে। দলের ম্যানেজার ও প্রশিক্ষককে অবশ্যই তার নিজস্ব ইউনিফরম (ট্রাকস্যুট) পরিধান করতে হবে। |
| প্রতিযোগিতার বিচার ব্যবস্থা | WKF এর নতুন ০১.০১.২০২৪ নিয়ম অনুযায়ী এবং বিকেএফ এর বিধি ও উপ-বিধি মোতাবেক প্রতিযোগিতার বিচার ব্যবস্থা পরিচালিত হবে। |
| পুরস্কার সমূহ | বিজয়ী প্রতিযোগীকে ১ (এক)টি স্বর্ণ, ১ (এক)টি রৌপ্য, ২ (দুই) টি তাম্র পদক এবং সনদ পত্র প্রদান করা হবে। অংশগ্রহণকারী সকল খেলোয়াড়কে অংশগ্রহণকারী সনদ প্রদান করা হবে। ১ম ও ২য় স্থান অর্জনকারী দলকে চ্যাম্পিয়ন ও রানার আপ ট্রফি প্রদান করা হবে। |
| অংশগ্রহণের জন্য যোগ্য দলসমূহ | ১) বিভাগীয় ক্রীড়া সংস্থা, ২) সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থার মাধ্যমে গঠিত কারাতে দল সমূহ,<br>৩) সরকারী বিশ্ববিদ্যালয়,শিক্ষা বোর্ড,সরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থা/রাষ্ট্রয়াত্ব ব্যাংক-বীমা ও সার্ভিসেস সংস্থাসমূহ। |
| নিবন্ধণকরণ মাশুল | প্রতিটি দলকে অনলাইনে এন্ট্রি ফরম দাখিলের সময় ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা "বাংলাদেশ কারাতে ফেডারেশন"এর অনুকূলে অনলাইন পদ্ধতিতে জমা দিতে হবে। সকল খেলোয়াড়দের অবশ্যই বি কে এফ'র রেজিষ্ট্রেশন থাকতে হবে। যে সমস্ত খেলোয়াড়দের বি কে এফ'র রেজিষ্ট্রেশন নম্বর আছে তাদের নতুন করে রেজিষ্ট্রেশন করার প্রয়োজন নাই। (উল্লেখ্য যে, খেলোয়াড়দের ইভেন্ট প্রতি কোন এন্ট্রি ফি দিতে হবে না)। |
| আপত্তি উত্থাপন | প্রতিযোগিতার কোন বাউট সম্পর্কে আপত্তি থাকলে ৩০০০/- (তিন হাজার) টাকা জমা দিয়ে উক্ত দলের প্রশিক্ষক/ম্যানেজার লিখিতভাবে রেফারী কমিশন এর নিকট আপত্তি উত্থাপন করতে পারবেন। |
| চিকিৎসা ব্যবস্থা | প্রতিযোগিতায় কোন খেলোয়াড় আহত হলে কর্তৃপক্ষ কেবলমাত্র প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করবে। |
| লটারী ও ফিকচার | ০৫ মার্চ ২০২৪ তারিখে অটোমেশন পদ্ধতিতে লটারী ও ফিকচার করা হবে। ফিকচার তৈরির পর তা বিকেএফ এর ওয়েবসাইটে পাওয়া যাবে। |
| ম্যানেজার সভা | ০৮ মার্চ ২০২৪ বিকাল ০৫:০০ টা। ফেডারেশন কার্যালয়ে (মিরপুর শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়াম) |
| আবাসন | জাতীয় ক্রীড়া পরিষদের হোস্টেল/ক্রীড়া পল্লীতে সিট বরাদ্দ পাওয়া সাপেক্ষে শুধুমাত্র ঢাকার বাহিরের জেলা/বিভাগীয় ক্রীড়া সংস্থার খেলোয়াড়দের নির্ধারিত তারিখ অনুযায়ী আবাসন সুবিধা প্রদান করা হবে। |

বি.দ্র. ১) ফেডারেশন কর্তৃপক্ষ নিয়মাবলীতে বর্ণিত যে কোন সিদ্ধান্ত সংশোধন/বাতিলের অধিকার সংরক্ষণ করে।

২) প্রত্যেক খেলোয়াড়কে WKFএর বিধি অনুযায়ী সেফটি গার্ড আনতে হবে। ফেডারেশন থেকে কোন সেফটি গার্ড প্রদান করা হবে না। প্রতিযোগিতায় সকল অংশগ্রহণকারীদের সরকারের স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।

৩) প্রতিযোগিতার মেডেল বা পুরস্কার গ্রহণের সময় অবশ্যই কারাতে পোষাক পরিধান করতে হবে।

৪) শুধুমাত্র ফরম 'ক' পূরণ করা দল/সংস্থা চূড়ান্ত এন্ট্রি ফরম পূরণ করার সুযোগ পাবে।

৫) কোন সংস্থার/দলের খেলোয়াড় মিথ্যা তথ্য দিয়ে টিম এন্ট্রি করলে এবং তা প্রমানিত হলে ঐ সংস্থা/দলকে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৩০/০১/২০২৪

সাধারণ সম্পাদক
বাংলাদেশ কারাতে ফেডারেশন

# বাংলাদেশ কারাতে ফেডারেশন

কক্ষ নং ২৩৬-২৩৭, মাওলানা ভাষানী হকি ষ্টেডিয়াম
ঢাকা-১০০০

## ২৯তম জাতীয় কারাতে প্রতিযোগিতা ২০২৪

## তারিখ : ০৯-১০ মার্চ ২০২৪

## এন্ট্রি ফরম 'ক'
(এন্ট্রি ফরম প্রেরণের শেষ তারিখ ঃ ১৫ ফেব্রুয়ারি ২০২৪)

সংস্থার নাম (বাংলায়) ঃ ..........................................................................................

(ইংরেজি) ঃ ..........................................................................................

প্রশিক্ষকের নাম ঃ ..........................................................................................

ম্যানেজারের নাম ঃ ..........................................................................................

সংস্থার ই-মেইল ঃ ..........................................................................................

টেলিফোন/মোবাইল নম্বর ঃ ................................................... ই-মেইল ঃ...................................................

| অংশগ্রহণকারী | পুরুষ | মহিলা | অংশগ্রহণকারীর মোট সংখ্যা |
|---|---|---|---|
| দলনেতা | | | |
| প্রশিক্ষক | | | |
| রেফারী | | | |
| খেলোয়াড় | | | |
| অন্যান্য | | | |
| সর্বমোট | | | |

বিঃ দ্রঃ কোন অবস্থাতেই ফরম 'ক' এ উল্লেখিত সংখ্যার চেয়ে কম/বেশি প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে না।

সংস্থার সীল মোহর

অংশগ্রহণকারী সংস্থার
কর্তৃপক্ষের স্বাক্ষর